

শিক্ষান সন্ত্রাসী চাঁদাবাজ অপহরণকারীদের আশ্রয় দানের জন্য নয়

.....শিক্ষা প্রতিমন্ত্রী
প্রেস বিজ্ঞপ্তি : শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম এছানুল হক মিলন বলেছেন, শিক্ষান ছাত্রদের জন্য, অছাত্রদের জন্য যেমন নয়, তেমন চাঁদাবাজ, অপহরণকারী বা সন্ত্রাসীদের আশ্রয় দানের জন্য নয়। সন্ত্রাস দমন করে শিক্ষানে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে সরকার আন্তরিক চেষ্টা অব্যাহত রাখবে।

শিক্ষা প্রতিমন্ত্রী গত ২৪ জুলাই টিএসসি অডিটরিয়ামে ঢাকাস্থ কচুয়া উপজেলা স্টুডেন্টস এসোসিয়েশনের অভিষেক ও কৃতী ছাত্রদের সংবর্ধনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

প্রতিমন্ত্রী আরও বলেন, ছাত্র রাজনীতি চলবে কি চলবে না বা কোন ধরায় ছাত্র রাজনীতি চলবে তার সিদ্ধান্ত নিবে সুধী সমাজ, রাজনৈতিক দল, তথা দেশের আপামর জনসাধারণ। তবে কোন প্রেক্ষাপটেই শিক্ষানে শিক্ষার পরিবেশ নষ্ট করা যাবে না। তিনি কঠোর ভাষায় বলেন, কচুয়ার ছাত্র থেকে শুরু করে আবাল-বৃদ্ধ-বনিতা যারাই সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িত হবে, তা কঠোর হস্তে দমন করা হবে। কৃতী ছাত্রদের উদ্দেশে তিনি বলেন, ছাত্রদের মেধার বিকাশে আমরা সরকারের পক্ষ থেকে সব ধরনের সহযোগিতা দিয়ে যাব। প্রয়োজনে

বাজিগতভাবেও সাহায্য করা হবে।
ছাত্র নেতৃত্ব বিশ্ববিদ্যালয়সহ অন্য শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে একটি বিশেষ ছাত্র সংগঠনের অছাত্রসুলভ আচরণ, শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে ভাঙচুর, অস্ত্রবাজি, চাঁদাবাজি বন্ধ করার জন্য শিক্ষা প্রতিমন্ত্রীর প্রতি আহবান জানান।

টিএসসি অডিটরিয়ামে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা ছাত্রদলের নেতৃত্ব, সংসদ সদস্য নুরুল ইসলাম মনি, মহিলা নেত্রী নাজমুন্নাহার বেবীসহ নেত্রীবৃন্দ।